

49012 - তাওয়াফে ইফাযা (ফরয তাওয়াফ) না করা

প্রশ্ন

আমি তাওয়াফে ইফাযা (ফরয তাওয়াফ) করি নাই। আমি ধারণা করেছিলাম যে, প্রথম তাওয়াফই যথেষ্ট। এখন আমার উপর কী আবশ্যিক?

প্রিয় উত্তর

শাইখ বিন উছাইমীন (রহঃ) বলেন:

তাওয়াফে ইফাযা হজ্জের একটি রুকন; যা ছাড়া হজ্জ পরিপূর্ণ হয় না। যদি কেউ কোন একটি রুকন পালন না করে তাহলে তার হজ্জ অপূর্ণাঙ্গ থেকে যাবে। তাকে অবশ্যই রুকনটি আদায় করতে হবে। তাকে ফিরে আসতে হবে; এমনকি তার দেশ থেকে হলেও। এরপর সে তাওয়াফে ইফাযা (ফরয তাওয়াফ) পালন করবে। আর এ অবস্থায় যেহেতু সে এখনও ফরয তাওয়াফ করেনি তার জন্য স্ত্রী সম্বোগ করা জায়েয হবে না। কেননা সে দ্বিতীয় হালাল হয়নি। যেহেতু তাওয়াফে ইফাযা করা ও সাযী করার আগে দ্বিতীয়বার হালাল হওয়া যায় না; যদি সে ব্যক্তি তামাভু হজ্জকারী হয়, ক্বিরান হজ্জকারী হয় কিংবা ইফরাদ হজ্জ আদায়কারী হয় এবং তাওয়াফে কুদুম এর সাথে সাযী না করে।[উদ্ধৃতি সমাপ্ত]